

Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 18 July, 2025

‘জুলাই সনদ’ বাস্তবায়নের দাবিতে দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে চট্টগ্রামে পদযাত্রা করতে যাচ্ছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। আগামী রোববার, ২০ জুলাই মহানগরীতে এই পদযাত্রা অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে দলটির চট্টগ্রাম শাখা।

দলীয় সূত্রে জানা গেছে, কর্মসূচিতে অংশ নেবেন এনসিপির শীর্ষস্থানীয় নেতারা। এদের মধ্যে রয়েছেন দলের আহ্বায়ক নাহিদ ইসলাম, সদস্যসচিব আখতার হোসেন, দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ, উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম, মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটোয়ারী, সিনিয়র যুগ্ম আহ্বায়ক সামান্তা শারমিন, এবং সিনিয়র যুগ্ম সদস্যসচিব ডা. তাসনিম জারা।

চট্টগ্রাম অঞ্চলের পদযাত্রা কর্মসূচিকে ঘিরে ইতোমধ্যে প্রস্তুতি সম্পন্ন করেছেন স্থানীয় এনসিপি নেতারা। বিষয়টি নিশ্চিত করেছেন চট্টগ্রাম এনসিপির তত্ত্বাবধায়ক জোবাইরুল হাসান আরিফ।

চট্টগ্রাম বিভাগজুড়ে দুই দিনের পদযাত্রা কর্মসূচি হাতে নিয়েছে দলটি। এর মধ্যে আগামীকাল (১৯ জুলাই) কক্সবাজারে পদযাত্রার মাধ্যমে শুরু হবে এনসিপির কর্মসূচি। এরপর সেদিন বিকালেই বান্দরবান সফর করবেন কেন্দ্রীয় নেতারা।

আগামীকাল শনিবার রাতে চট্টগ্রামে ফিরে, আগামী রোববার সকালে তারা রাঙামাটিতে যাবেন এবং সেখানকার কর্মসূচি শেষে বিকালে চট্টগ্রাম মহানগরীতে পদযাত্রায় অংশ নেবেন।

এনসিপি নেতারা জানিয়েছেন, ‘জুলাই সনদ’ বাস্তবায়নের দাবিতে চলমান এই কর্মসূচি শুধু রাজনৈতিক নয়, এটি একটি জনআন্দোলন রূপে পরিণত করার লক্ষ্য নিয়েই তারা দেশের বিভিন্ন অঞ্চলে এই পদযাত্রার আয়োজন করছেন।

এনসিপি নাহিদ ইসলাম পদযাত্রা চট্টগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 22:16

URL: <https://timestodaybd.com/politics/495659993>